III(৩)
২০৫৪
২২/২/৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
=======

নং প্রজেই-৪/জেপ-৭১/৯২/৩১০(৬১)

তারিখ- ২৬-১০-১৩৯৮বাং / ০৯-০২-৯২ইং

বিষয় : জেলা পরিষদের মালিকানাধীন সম্পত্তি যথা- পুকুর, দিঘী, খাল, রাস্তার পার্শ্বস্থ ও অন্যান্য জমি জেলা পরিষদের নামে রেকর্ড করা প্রসংগে।
====================================================

উপরোক্ত বিষয়ের প্রতি তাঁহার দৃষ্টি আকর্ষণ করতঃ নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, সরকারী দপ্তর বা স্বায়ত্বশাসিত সংস্থার জমি, পুকুর, দিঘী, খাল, রাস্তা ইত্যাদি/সংশ্লিষ্ট সংস্থা/বিভাগের নামে রেকর্ড করার বিষয়ে ভূমি মন্ত্রণালয় এর সুস্পষ্ট নির্দেশ/(কপি সংযোজিত) থাকা সত্ত্বেও সরকারের দৃষ্টি গোচর হইয়াছে যে, বিভিন্ন জেলা পরিষদের মালিকানাধীন কিছু কিছু সম্পত্তি সরকারের খাস খতিয়ানে কালেক্টর এর নামে রেকর্ড ভুক্ত করা হইয়াছে বা হইতেছে। কোন কোন ক্ষেত্রে এই সকল সম্পত্তি কালেকটর বা উপজেলা ... কর্তৃপক্ষ কর্তৃক ইজারাও দেওয়া হইতেছে।

এমতাবস্থায়, সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন:-

ক) জেলা পরিষদ সমূহের যাবতীয় সম্পত্তি এখন হইতে সংশ্লিষ্ট জেলা পরিষদের নামে রেকর্ডভুক্ত থাকিবে,

খ) জেলা পরিষদের যে সকল সম্পত্তি (জমি ইত্যাদি) ইতিপূর্বে ১ নং খতিয়ানে রেকর্ডভুক্ত হইয়া গিয়াছে সে সকল সম্পত্তি আগামী জরিপের সময়ে সংশ্লিষ্ট জেলা পরিষদের নামে পুনঃ রেকর্ডভুক্ত করিতে হইবে।

উপরোক্ত সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার জন্য তাঁহাকে নির্দেশক্রমে অনুরোধ করা যাইতেছে।

(মোহাম্মদ আবুল কালাম)
সহকারী সচিব

কপি সংযোজিত
----------

জেলা প্রশাসক
------------

নং প্রজেই-৪/জেপ-৭১/৯২/৩১০/১(৬১)

তারিখ- ২৬-১০-১৩৯৮বাং / ০৯-০২-৯২ইং

অনুলিপি সচিব, জেলা পরিষদ, ________________ কে দেওয়া হইল। তাঁহাকে এতদ্ বিষয়ে জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাইতেছে।

(মোহাম্মদ আবুল কালাম)